দর্শনা-মুজিবনগর সংযুক্ত সড়কের ৮শ মিটার ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর সড়কের ১শ ৪৯ কোটি টাকা ব্যায়ে রাস্তা নির্মাণের সাথে সংযুক্ত ৮০০ মিটার ড্রেন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার দুপুর ১১ টার দিকে দর্শনা কেরু চিনিকালের মেইন গেটের সামনে এই ড্রেন নির্মানের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। এসময় তিনি বলেন, এলাকার উন্নয়নের জন্য আরেকবার নৌকায় ভোট দিন। এবং জননেত্রী শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করি। এসরকার উন্নয়নের সরকার। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে এ সরকারের কোন বিকল্প নেই। তাই আসুন দলমত ভুলে উন্নয়নের ধারা অব্যহত রাখতে শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করি। এ সরকার ক্ষমতায় থাকলে দেশ ও জাতী উন্নত হয়। এ উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সড়ক ও জনপথ বিভাগের বিভাগীয় কর্মকর্তা চুয়াডাঙ্গা রোড এন্ড হাইওয়ে নির্বাহী প্রকৌশলী মনজুরুল করিম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’লীগের সাধারন সম্পাদক আলী মনসুর বাবু, দর্শনা পৌরসভার নব নির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু, ঠিকাদার মোঃ জহুরুল ইসলাম, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, কেরুজ চিনিকলের অবসরপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোঃ শাহাব উদ্দীন, ইদ্রিস আলী, কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সহসভাপতি মফিজুল ইসলাম, যুগ্ন সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সহ-সভাপতি আব্দুল মান্নান খাঁন সহ রাজনৈতিক, সুধিমহল উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার খাট থেকে পড়ে ৪ মাস বয়সের শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী গ্রামে ঘুমের মধ্যে খাট থেকে পড়ে ৪ মাস বয়সের সোলাইমান মন্ডল নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

শুক্রবার বিকেল ৩ টার সময় জীবনগর উপজেলার উথলী গ্রামের ঘোড়ামারা রেলগেটে এ ঘটনা ঘটেছে। নিহত সোলাইমান মন্ডল উথলী গ্রামের সাইফুল ইসলামের একমাত্র ছেলে।

স্থানীয়রা জানান, গতকাল শুক্রবার দুপুরে সোলাইমান মন্ডল তার দাদা ফজলুর হকের সাথে খাটের উপর ঘুমাচ্ছিলো। ঘুমের মধ্যে শিশু সোলাইমান মন্ডল খাটের উপর থেকে ঘরের মেঝেতে পড়ে যায়। এতে শিশুটির মাথায় প্রচণ্ড আঘাত লাগে। শিশুটিকে দ্রুত উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে তার শারিরীক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য শিশুটিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার করা হয়। বিকেল ৪ টার সময় চুয়াডাঙ্গা হাসপাতালে নেওয়ার পথে শিশুটির মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নাসির উদ্দিন মৃধা জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এই মর্মান্তিক দৃর্ঘটনায় মৃত্যর কারনে পরিবারসহ গ্রাম জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাংগঠনিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা উপজেলা ডাক বাংলা চত্বরে আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সভাপতি সহিদুল আলম।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক আঃ লতিফ এলকিন। বিশেষ অতিথি ছিলেন টাঙ্গাইল জেলা জাতীয় পার্টির যুগ্ন সাধারণ সম্পাদক খতিব আলি, চুয়াডাঙ্গা জেলা কৃষক পাটির সভাপতি আবু জাফর, দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক হাজী জামাল উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা ছাত্র সমাজের যুগ্ম আহ্বায়ক নাইম হোসেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিক, সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, জুড়ানপুর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জামাল হোসেন, জাতীয় পাটির নেতা আশরাফুল হক প্রমুখ।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক সহিদ আজম সদু।

কার্পাসডাঙ্গা কোমরপুরে পুলিশের অভিযানে ৫১ পিচ ইয়াবাসহ ২জন আটক

দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করেছে পুলিশ।

আজ বুধবার সন্ধা ছয়টার দিকে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের বিল্লাল হোসেন এর মুদি দোকানের সামনে হতে ইয়াবাসহ ধৃত আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের সিমান্তবর্তী হুদাপাড়া গ্রামের মনিরুল ইসলামের ছেলে আজিজুল হক গিরি (২৫) ও রশিদ আলীর ছেলে সোহেল রানা (২২)।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার (ইনচার্জ) সাইফুল

ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করে।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

দামুড়হুদায় ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

দামুড়হুদায় কলকাতা থেকে আগত ডাক্তারদের ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দামুড়হুদা গুলশান পাড়ায় আল বুখারী হাসপাতালে সকাল ৮ টায় শুরু হয় ফ্রী মেডিকেল ক্যাম্প চলে রাত ৮টা পর্যন্ত।

টিমের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন “ওয়ার্ল্ড ফেডারেশন অব হোমিওপ্যাথি” আন্তর্জাতিক সংস্থার আন্তর্জাতিক সভাপতি ডা: প্রকাশ মল্লিক এম.ডি (হোমিও) ডি.আই. হোম (লন্ডন), এফ. এফ হোম (নাইজেরিয়া)।

এসময় তিনি বলেন ওয়ার্ল্ড ফেডারেশন হোমিওপ্যাথি একটা আন্তর্জাতিক সংস্থা, এই সংস্থার মাধ্যমে সারা পৃথিবীব্যাপী হোমিওপ্যাথি চিকিৎসার প্রচার এবং প্রচারণা ঘটিয়ে থাকি। সেই সূত্র ধরে বাংলাদেশের আল বুখারী হাসপাতাল আমাদের সাথে যোগাযোগ করে। আমরা তিন সদস্যের একটি টিম বাংলাদেশে আল বুখারী হাসপাতাল লিমিটেড এর শাখা অফিস ঢাকা শনির আখড়াই আসি, এখানে আমরা ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে প্রায় দুইশত রোগী দেখি। চুয়াডাঙ্গাতে ডাক্তারদের নিয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা ও সেমিনার করেছি।

আল বুখারী হাসপাতালের চুয়াডাঙ্গার দামুড়হুদা শাখাতেও আমরা দিনব্যাপি ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে এখানেও প্রায় দুই শত রোগী দেখেছি। আমাদের উদ্দেশ্য হোমিওপ্যাথি চিকিৎসায় মানুষকে

সচেতন করা এবং এবং সেই সঙ্গে সঙ্গে কনসারভেস তৈরি করা ও রোগের প্রতিরোধ কিভাবে করা যায় তা বোঝানো। আমরা এর আগেও বাংলাদেশে এসেছি কাজ করেছি।

বাংলাদেশের হোমিওপ্যাথি বোর্ড আমাদেরকে অলিখিতভাবে অর্থাৎ মৌখিকভাবে পারমিশন দিয়েছেন যে প্রত্যেকটা কলেজে গিয়ে মোটিভেশনাল স্ক্রিপ্ট এবং শিক্ষকদের কর্মশালা ও ছাত্রদের কর্মশালা করার অধিকার দিয়েছে। আমরা বাংলাদেশে মোট ছয় দিন অবস্থান করবো ইতিমধ্যে তিন দিন কেটে গেছে।

আল বুখারী হাসপাতালের এখন বর্তমানে বাংলাদেশে চারটি শাখা আছে, তাদের পরিকল্পনা অনুযায়ী ৬৪টি জেলায় শাখা হবে। আমরাও আল বুখারী হাসপাতালের বাংলাদেশের সব কয়টি শাখাতেই প্রোগ্রাম করবো। মে মাসে বগুড়াতে একটা প্রোগ্রাম করবো এবং জুন মাসেও চট্টগ্রামে একটা ফ্রি মেডিকেল ক্যাম্প করবো। বাংলাদেশের মানুষের চিকিৎসা ব্যবস্থায় একটু অসচেতনতা রয়েছে। আমি যে সব রোগী পাচ্ছি তারা সব বেশিরভাগই অসচেতন। মানুষ অনেকে হোমিওপ্যাথিক ঔষধ সর্দি কাশির ঔষধ মনে করে, কিন্তুু না, ক্যান্সার থেকে শুরু করে অনেক জটিল ও দুরারোগ্য রোগ পর্যন্ত ভালো করা সম্ভব। এখানে সব ধরনের রুগীই মোটামুটি পেয়েছি। এরমধ্যে পেটের পিড়ায় ভুগছে, যৌন, বাথ ব্যথা ব্যথা জনিত, চর্ম ইত্যাদি।

হোমিওপ্যাথিক ঔষধ এবং চিকিৎসার ব্যাপারে মানুষকে সচেতন করতে পারলে খরচ কমবে এবং রোগও সারবে। দুটোর পক্ষেই ভালো। যে সকল রোগী পেয়েছি তারা দীর্ঘদিন চিকিৎসা নিয়েও কোন সূরহা হচ্ছে না। তাদেরকে চিকিৎসা দিয়েছি। আশা করছি এ সমস্ত রোগী আমাদের চিকিৎসায় এবং হসপিটালের যে চিকিৎসকগণেরা আছে তাদেরকে বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে অনুপ্রাণিত করে হোমিওপ্যাথির সঠিক চিকিৎসা দিতে পারলে বাংলাদেশের চিকিৎসা ব্যবস্থার আরো উন্নতি হবে।

এসময় “ওয়ার্ল্ড ফেডারেশন অব হোমিওপ্যাথি” আন্তর্জাতিক সংস্থার কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার সম্পাদক ও প্রকাশক আজাদ মালিতা কে “সেবারত্ন পুরস্কার ২০২২-২৩” প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন মেডিকেল ক্যাম্প টিমের দুই জন সহযোগী “ওয়ার্ল্ড ফেডারেশন অব হোমিওপ্যাথি” আন্তর্জাতিক সংস্থার পদধারী ডা: নীলকমল বর্মন ও ডা: নীলাচল বেরা। এসময় আরও উপস্থিত ছিলেন আল

বুখারী হাসপাতাল লিমিটেড এর চেয়ারম্যান শাহ্ মোহাম্মদ আতাউল্লাহ বুখারী, এম ডি ডা: মো: আব্দুল আহাদ, অতিরিক্ত পরিচালক ডা: মো: হেলাল উদ্দিন প্রমূখ।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ভিডব্লিউবি পুষ্টি চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়নে গরীব অসহায় দুস্থ মহিলাদের মাঝে ভিডব্লিউবি পুষ্টি চাউল বিতরণ করা হয়েছে। আজ বুধবার সকাল ১০টায় ইউনিয়ন পরিষদ চত্বরে ইউনিয়নের ৩৭৪ জন উপকারভূগীর মােঋ এই পুষ্টি চাউল বিতরণ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্র (পঞ্জিকাবর্ষ অনুযায়ী) মাসিক বরাদ্দ প্রতি কার্ডে ৩০ কেজি খাদ্য শস্য প্রদান করা হয়। উপকার ভূগিরা ২৪ মাস পর্যন্ত প্রতি কার্ডে ৩০ কেজি করে খাদ্য শস্য পাবেন এবং একই সাথে তাদেরকে সঞ্চয়ী করে তোলার জন্য প্রতি মাসে খাদ্য শস্য নেবার সময় ২০০ টাকা করে সঞ্চয় রাখতে হয়। ২৪ মাস পরে তার ৪৮শত করে টাকা সঞ্চয় ফেরত পাবে।

দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য শহিদুল ইসলাম, শাহজামাল, আ: হান্নান পটু, রিকাত আলী, আব্দুল্লাহ সেলিমসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিভিন্ন প্রকল্পের কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদায় বিভিন্ন প্রকল্পের কাজ পরিদর্শন করেছেন উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা। আজ বুধবার বেলা ২টার সময় তিনি সরজমিনে পরিদর্শন করেন।

২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা /কাবিটা -২য় পর্যায়) কর্মসূচির আওতায় দামুড়হুদা সদর ইউনিয়নের মোক্তারপুরে রাস্তায় মাটি ভরাটকরণ, কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের ভাংগনরোধে মাটি ভরাট, দেউলি এবং পাটাচোরা গ্রামে রাস্তা ফ্ল্যাট সলিংকরণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, ইউপি সদস্য হাসান আলী সহ স্থানীয় এলাকবাসী।

এসময় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাত ধরেই বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল। উন্নয়নের ধারা যাতে অব্যাহত থাকে তারই ধারাবাহিকতাই দামুড়হুদা উপজেলায় সরকারি বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। প্রকল্পের কাজ সঠিক সময়ে যাতে শেষ হয় সে ব্যাপারে তিনি দিকনির্দেশনা দেন। কাজে কোন রকম ত্রুটি বিচ্যুতি মেনে নেওয়া হবে না বলে তিনি দিকনির্দেশনা দেন।

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের পক্ষ থেকে পুলিশ বাহিনীকে পিক আপ ভ্যান উপহার

জাহেদী ফাউন্ডেশনের নিবার্হী পরিচালক বিশিষ্ট শিল্পপতি রেডিয়েন্ট

ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর নিদের্শনায় ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশন এর পক্ষ থেকে পুলিশের সেবার মান উন্নয়নের লক্ষ্যে ও ঝিনাইদহ জেলা পুলিশ বাহিনীর কাজের সহযোগীতার জন্য দুইটি পিক আপ ভ্যান উপহার দেওয়া হয়।

বুধবার (৩ মে) বিকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যারয়ের সামনে পিক আপ ভ্যান দুইটির চাবি গ্রহন করেন পুলিশ বাহিনীর পক্ষে পুলিশ সুপার আশিকুর রহমান এবং জাহেদী ফাউন্ডেশনের পক্ষে চাবি হস্তান্তর করেন জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপ্স) ইমরান জাকারিয়া, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহেল রানা, জাহেদী ফাউন্ডেশনের কো অডিনেটর তবিবুর রহমান লাবু, সদস্য ইউনুস আলী, শাহীন আলমসহ অন্যান্যরা।

পিক আপ ভ্যান প্রদান সম্পর্কে মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল বলেন, পুলিশ জনগনের বন্ধু, পুলিশের সেবার মান বৃদ্ধি লক্ষ্যে এবং দ্রুত অভিযান পরিচালনা ও মানুষের সহযোগীতার জন্য যানবাহন অতিব প্রয়োজন। আর সবকিছুই সরকারের উপর নির্ভর করে বসে থাকলে হয় না, আমাদের জানমালের নিরাপত্তার জন্য পুলিশের অবদান সবচেয়ে বেশি এজন্য তাদের সদা তৎপর থাকার জন্য আমাদের এই প্রয়াস। যাদের সামর্থ্য আছে তাদের সবাইকে দেশের জন্য কাজ করার আহবান জানান তিনি।

আলমডাঙ্গার মধুপুরে গাঁজাসহ মহিলা ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার মধুপুর গ্রামে ১’শ গ্রাম গাঁজাসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৩ টায় জামজামি ফাঁড়িপুলিশ তাকে আটক করে। আটকৃত মহিলা মাদকব্যবসায়ী মধুপুর গ্রামের শরৎ আলীর মেয়ে শান্তি বেগম (৫০)।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার জামজামি ইউনিয়নের মধুপুর গ্রামের শরৎ আলীর মেয়ে শান্তি বেগম। দীর্ঘদিন যাবৎ তিনি পুলিশের চোঁখ ফাঁকি দিয়ে রমরমা গাঁজার ব্যবসা চালিয়ে আসছে।

মঙ্গলবার বিকেল ৩টায় জামজামি ফাঁড়িপুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এসময় মাদক বিক্রেতা শান্তিকে বেগমকে আটক করে। আটককৃত মহিলার নিকট থেকে ১’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। আজ মঙ্গলবার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

দর্শনা রামনগরে থানা পুলিশের উদ্যোগে উঠান বৈঠক অনুষ্ঠিত

দর্শনা থানা পুলিশের উদ্যোগে রামনগরে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকালে দর্শনা পৌরধীন ৬ নং ওয়ার্ডে ২ নং বিট পুলিশিং এলাকার রামনগর মোড়ের বগ চত্বরে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

দর্শনা থানা পুলিশের উদ্যোগে অনুষ্ঠিত এ উঠান বৈঠকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার সিনিয়র (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা।

এসময় তিনি মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ, নারী নির্যাতন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ এবং বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে উঠান বৈঠকে এ আলোচনা করেন।

দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডলের প্রানবন্ত সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভাধীন ৬ নং ওয়ার্ড আ.লীগের সভাপতি সোলায়মান হোসেন, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ সহ অত্র এলাকার গণ্যমান্য ও সম্মানিত ব্যক্তিবর্গ।।